২৩/৭/২০০৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ...... পৃষ্ঠা ২ কলাম ৫ ......

অধ্যাপক দুর্গাদাসের রীট

# সরকারের প্রতি রুল জারি

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥ গতকাল বুধবার সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্যকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের পদ হইতে অব্যাহতি দানের আদেশ কেন অবৈধ ও আইনগত কর্তৃত্ব বহির্ভুত বলিয়া ঘোষণা করা হইবে না ইহার কারণ দর্শাইবার জন্য সরকারের প্রতি রুল জারি করিয়াছেন। গত রবিবার সরকার তাহাকে উক্ত পদ হইতে অব্যাহতি দিয়াছে। তিনি উক্ত আদেশের বৈধতা চ্যালেঞ্জ করিয়া একটি রীট পিটিশন পেশ করেন। বিচারপতি সৈয়দ আমিরুল ইসলাম ও বিচার পতি মোহাম্মদ আব্দুস সালামকে লইয়া গঠিত অবকাশকালীন ডিভিশন বেঞ্চ উক্ত রুল জারি করে।

আবেদনকারীর পক্ষে ছিলেন আব্দুল বাসেত মজুমদার ও সুব্রত চৌধুরী।

# ভিসি দুর্গাদাসের সময়কালের অনিয়ম ও দুর্নীতি জনসমক্ষে প্রকাশের দাবী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৬৬ জন শিক্ষক গতকাল বুধবার এক বিবৃতিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্যের সময়কালে বিশ্ববিদ্যালয়ের অনিয়ম ও দুর্নীতি তদন্ত করিয়া জনসমক্ষে প্রকাশের জন্য তত্ত্বাবধায়ক সরকারের প্রতি জোর দাবী জানান। বিবৃতিতে শিক্ষকগণ বলেন, অধ্যাপক দুর্গাদাসকে অপসারণের ঘটনাকে একটি মুখচেনা মহল যেভাবে সাম্প্রদায়িক রূপ দেওয়ার চেষ্টা করিতেছেন, তাহা শুধু ন্যাক্কারজনক ও ঘৃণ্যই নয়, সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতিকে অস্থিতিশীল করার অপপ্রয়াসও বটে। বিবৃতিতে আরও বলা হয়, ভিসি হইবার পর দেশের সকল কলেজের প্রশাসনে রাজনৈতিক প্রভাব বিস্তারে লিপ্ত ছিলেন তিনি। বিবৃতিতে স্বাক্ষর করিয়াছেন প্রফেসর ওয়াকিল আহমদ, প্রফেসর এস,এম,এ ফায়েজ, প্রফেসর মোহাম্মদ আসাদুজ্জামান, প্রফেসর আনোয়ার উল্লাহ্ চৌধুরী, প্রফেসর খলিলুর রহমান প্রমুখ।